বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
কেন্দ্রীয় হিসাব বিভাগ

ফোন: ০২-২২৩৩৮৬৯৩১
ই-মেইল: dgmaccounts2@krishibank.org.bd

সূত্রঃ প্রকা/হিসাব(শাখা-১)/৬(৬৩)সিবিএস/২০২৩-২০২৪/৯৩০ তারিখঃ ১২.০৫.২০২৪

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্টাফ কলেজ/স্থানীয় মুখ্য কার্যালয়
২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
৫। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
৬। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর নামে বরাদ্দকৃত ইউনিক পিএফ একাউন্ট নম্বরে ভবিষ্য তহবিলের চাঁদা সরাসরি কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ ০১০৩ কোডে পোস্টিং প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২), ০১০৩ কোডে সিবিএসের আওতায় ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতে ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য পৃথক পৃথক ইউনিক পিএফ একাউন্ট বরাদ্দ করা হয়েছে। উক্ত ইউনিক পিএফ একাউন্টটি কেবলমাত্র কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিলের চাঁদা প্রেরণের জন্য ব্যবহৃত হবে। প্রত্যেক মাস শেষে শাখাসমূহ কর্তৃক প্রেরিত চাঁদা সিবিএস হতে ইনহাউস পিএফ সফটওয়্যারে ট্রান্সফার ও সংরক্ষণ করা হবে।

০৩। ইতোমধ্যে বরাদ্দকৃত প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের ইউনিক পিএফ একাউন্ট নম্বর অত্র বিভাগের ২১.০৪.২০২৪ তারিখের অভিন্ন নথির পত্র নং-৮৬৭ এর মাধ্যমে সকল শাখা/কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। পত্রের নির্দেশনা মোতাবেক শাখা/কার্যালয় থেকে প্রেরিত সংশোধনীসমূহ অন্তর্ভুক্ত করে ৯১১১ জনের ইউনিক পিএফ একাউন্ট নম্বরের পূর্ণাঙ্গ তালিকার (সংযুক্তি-১) পিডিএফ কপি পুনরায় প্রেরণ করা হলো। বরাদ্দকৃত একাউন্টে এরপরেও কোন বিচ্যুতি পরিলক্ষিত হলে তা শাখা/কার্যালয় এর মাধ্যমে ১৯.০৫.২০২৪ তারিখের মধ্যে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ লিখিত আকারে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। নতুন হিসাবায়ন প্রক্রিয়াটি ১৩.০৫.২০২৪ তারিখ হতে কার্যকর করা হবে। এমতাবস্থায়, উক্ত তারিখ হতে শাখাসমূহ কর্তৃক শাখা পর্যায়ে ব্যবহৃত ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতের পরিবর্তে কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দকৃত নিজ নিজ ইউনিক পিএফ একাউন্টে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ ০১০৩ কোডে ভবিষ্য তহবিলের চাঁদা জমা করার জন্য নিম্নলিখিত পদক্ষেপসমূহ ক্রমানুসারে অনুসরণের পরামর্শ প্রদান করা হলোঃ

i. শাখায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিলের চাঁদা শাখার “41/218: Parking Account For Provident Fund (Branch)” খাতে জমা করতে হবে।
ii. ফ্লোরাব্যাংক সিবিএস এর ওয়েবে Transaction→Online Trf Cust. to Gl Transaction মেনুতে প্রবেশ করে “41/218: Parking Account For Provident Fund (Branch)” ডেবিট করতঃ ০১০৩ কোডে বরাদ্দকৃত ইউনিক পিএফ একাউন্ট নির্বাচন করতে হবে।
iii. ইউনিক পিএফ একাউন্টে ক্রেডিট করার পূর্বে Operation Type এ বকেয়া বেতনের চাঁদার ক্ষেত্রে Due Subscription, পিএফ অগ্রিমের কিস্তির ক্ষেত্রে Installment Against PF এবং মাসিক বেতনের চাঁদার ক্ষেত্রে Monthly Subscription নির্বাচন করে ক্রেডিট করতে হবে।
iv. Remarks Field এ সংশ্লিষ্ট মাস ও সাল (যেমনঃ May/2024) উল্লেখ করে দিতে হবে।

চলমান পাতা-২

০৫। সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী যাদের জন্য এখনও কোন পিএফ ইনডেক্স নম্বর এবং ০১০৩ কোডে পিএফ একাউন্ট নম্বর বরাদ্দ হয়নি, তাদের ক্ষেত্রে ০১০৩ কোডে "41/217: Provident Fund Subscription of New employees" জিএল হেডে পোস্টিং দিতে হবে। Remarks Field' এ সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর CIF Number টি আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে। পিএফ ইনডেক্স নম্বর বরাদ্দপূর্বক উক্ত CIF Number ব্যবহার করে ০১০৩ কোডে নতুন পিএফ একাউন্ট চালু করে কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) কর্তৃক পরবর্তীতে পত্র মারফত জানিয়ে দেয়া হবে। তদপরবর্তীতে, পিএফ সংক্রান্ত সকল লেনদেনের ক্ষেত্রে নতুনভাবে চালুকৃত পিএফ একাউন্ট ব্যবহার করতে হবে।

০৬। বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, শাখাসমূহের ০১.০৭.২০২৩ হতে ১২.০৫.২০২৪ পর্যন্ত সময়কালের ভবিষ্য তহবিলে জমাকৃত টাকার একটি প্রতিবেদন (সংযুক্তি-২) সহকারে শাখা কর্তৃক এলপিও (৪০০১) বরাবর একটি ক্রেডিট এ্যাডভাইস ইস্যুকরতঃ ১৯.০৫.২০২৪ তারিখের মধ্যে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবে।

- মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়, শাখাসমূহ হতে প্রাপ্ত প্রতিবেদন ও ক্রেডিট এ্যাডভাইস যাচাই বাছাই পূর্বক নিম্নোক্ত ছক মোতাবেক অগ্রগামী পত্র প্রস্তুত করে ২৩.০৫.২০২৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-২) এ প্রেরণ করবে।

| ক্রঃ নং | শাখা/কার্যালয় | শাখার কোড নং | এ্যাডভাইস এর | | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | ডেসপাচ নং | তারিখ | | |

- কর্পোরেট শাখাসমূহ ০১.০৭.২০২৩ হতে ১২.০৫.২০২৪ পর্যন্ত সময়কালের ভবিষ্য তহবিলের টাকা একইভাবে ২৩.০৫.২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদনসহ (সংযুক্তি-২) ক্রেডিট এ্যাডভাইস এলপিও বরাবর (কোড-৪০০১) ইস্যুকরতঃ কেন্দ্রীয় হিসাব বিভাগ-২ বরাবর প্রেরণ করবেন।

- ভবিষ্য তহবিল চাঁদার ক্রেডিট এ্যাডভাইস ও প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নির্দেশনাসমূহঃ

  ক. লিগ্যাল সাইজের কাগজে প্রতিবেদন প্রেরণ করতে হবে।
  খ. চাঁদার এ্যাডভাইস স্থানীয় মুখ্য কার্যালয় (৪০০১), ঢাকার উপর ইস্যু করতে হবে।
  গ. প্রতিবেদনে শাখা/কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, সূচক নম্বরসহ সকল তথ্যাদির সঠিকতা নিশ্চিত হয়ে (প্রতিবেদনের মোট টাকার সাথে ক্রেডিট এ্যাডভাইসের টাকা মিল) ০২ জন অনুমোদিত কর্মকর্তার নামের সীল এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক স্বাক্ষর প্রদান করবে।

- উল্লেখ্য, শাখা থেকে এলপিও বরাবর এ্যাডভাইস ইস্যু করার ফলে শাখায় ২১০-ভবিষ্য তহবিল হিসাব খাতের স্থিতি শূন্য হবে এবং পরবর্তীতে শাখা পর্যায়ে ২১০ জিএল হেডটি বন্ধ করে দেয়া হবে।

০৭। এ বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে কেন্দ্রীয় হিসাব বিভাগে ০১৭০৯৯৯৯০৬৭ অথবা ০১৮৯৪৯৬৭৬৬৩ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

22.05.2024

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ ১। ৯১১১ জনের ইউনিক পিএফ একাউন্ট নম্বরের তালিকা
২। ০১.০৭.২০২৩ থেকে ১২.০৫.২০২৪ সময়কালের ভবিষ্য তহবিল প্রেরণের জন্য প্রতিবেদন

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ**

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা।
৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৬। নথি/মহানথি।